

# রানীগঞ্জের বল্লভপুর পেপার সঙ্কটে

আজকালের প্রতিবেদন: ইন্ডাস্ট্রিয়াল প্যাকেজিং পেপার, বিশেষভাবে ক্র্যাফট পেপার তৈরির কারখানাগুলি সঙ্কটজনক পরিস্থিতির মুখোমুখি হয়েছে। এই কারখানাগুলি থেকে ক্র্যাফট পেপার উৎপাদন এবং সরবরাহ ব্যাহত হচ্ছে। পূর্বাঞ্চলের সবথেকে বড় এবং আধুনিক ক্র্যাফট পেপার প্রস্তুতকারক সংস্থা রানীগঞ্জের বল্লভপুর পেপার ম্যানুফ্যাকচারিং লিমিটেড। এই সংস্থার অন্যতম নির্দেশক অমরেন্দ্রনাথ ভট্টাচার্যের সঙ্গে এই বিষয়ে যোগাযোগ করা হলে তিনি জানান, কাঁচামাল এবং রাসায়নিক পদার্থের ভয়ঙ্কর মূল্যবৃদ্ধির কারণেই এই সঙ্কট। বল্লভপুরের এই কারখানাটি দূষণ এড়াবার জন্য বিভিন্ন আধুনিক এবং ব্যয়সাপেক্ষ ব্যবস্থার মধ্য দিয়ে যায়। তারা যে অপ্রচলিত কাঁচামাল ব্যবহার করে তার মধ্যে অন্যতম হল ব্যবহার করা কাগজ। এই কাগজের বেশিরভাগটাই আমেরিকা থেকে

আমদানি করা হয়। বাকি প্রয়োজন মেটানো হয় এখানকার কাগজ দিয়ে। গত দু-মাসের মধ্যে আমদানি করা কাগজের দাম দ্বিগুণ বেড়ে গেছে। দেশীয় কাগজের দাম বেড়েছে ১৫ থেকে ২০ শতাংশ। এর সঙ্গে অন্যান্য রাসায়নিক পদার্থের দামও একই মাত্রায় বাড়ছে। অথচ যে ক্র্যাফট পেপার তৈরি করা হচ্ছে তার দাম সেই অনুপাতে বাড়ানো যাচ্ছে না। অমরেন্দ্রবাবু জানান, খুব শিগগিরই এই ব্যবস্থার বদল না ঘটালে পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাবে। এই ধরনের কয়েকটি কারখানা বন্ধও হয়ে যেতে পারে। তিনি জানান, প্রচুর খরচ করে 'বল্লভপুর পেপার মিল' তৈরি করা হয়েছে। এত আধুনিক কারিগরী ব্যবস্থা দেশে আর মাত্র চার-পাঁচটি কারখানায় রয়েছে। এই কারখানা নিজের প্রয়োজনের বিদ্যুৎ নিজেই উৎপাদন করে। এই অবস্থায় মূল্যবৃদ্ধি বিষয়টি কারখানা পরিচালকমণ্ডলীকে যথেষ্টই চিন্তায় ফেলেছে।